# প্রার্থী চূড়ান্তকরণ প্রক্রিয়া শেষের পথে, শিগগির গ্রিন সিগন্যাল: সালাহউদ্দিন



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ জানিয়েছেন, আসনভিত্তিক প্রার্থী বাছাই প্রক্রিয়া দ্রুত এগোচ্ছে এবং শিগগিরই চূড়ান্ত তালিকা ঘোষণা করা হবে। তিনি বলেন, জোটভুক্ত দলগুলোর জন্য আসন ছেড়ে দেওয়া হবে এবং নির্বাচনী প্রচারে জনসংযোগ কার্যক্রম আরও জোরদার করা হবে।

বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেছেন, আসন্ন জাতীয় নির্বাচনের জন্য প্রার্থী বাছাই কার্যক্রম চলছে এবং খুব শিগগিরই আসনভিত্তিক প্রার্থীদের গ্রিন সিগন্যাল দেওয়া হবে।

শুক্রবার (৩ অক্টোবর) বিকেলে গুলশানে নিজ বাসায় সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা জানান।

তিনি আরও বলেন, নির্বাচনী জোট গঠনের জন্য আলোচনা অব্যাহত আছে। যারা জোটে যুক্ত হবে, তাদের জন্য আসন ছাড়তে বিএনপি প্রস্তুত। তবে কোনো ধরনের নির্বাচনী কর্মসূচি এখনই ঘোষণা করা হবে না, বরং জনসংযোগ কার্যক্রমকে আরও তীব্র করা হবে।

সালাহউদ্দিন আহমদ বলেন, বিএনপির বিরুদ্ধে আওয়ামী লীগের পক্ষ থেকে কোনো মামলা হয়নি। আগামী নির্বাচনে বিএনপির অংশগ্রহণ নিয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে বিচার বিভাগ ও জনগণ।

LENS ASIA